আজকের কাগজ

তারিখ 13 JUN 1993
পৃষ্ঠা ৮ কলাম ৩

# দিনাজপুর ডিগ্রী পরীক্ষা কেন্দ্রে সংঘর্ষ আহত ২৫ ।। ২০ লাখ টাকার সম্পদের ক্ষতি

## ডিগ্রী পরীক্ষার প্রথম দিনে রাঃ বিঃ অধীনে বহিষ্কার ২০১

সুব্রত মজুমদার ডলার জানিয়েছেন, গতকাল রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে দিনাজপুর সরকারি কলেজ ডিগ্রী পরীক্ষা কেন্দ্রে ছাত্র-পুলিশ ও বহিরাগত সশস্ত্র ব্যক্তিদের মধ্যে এক ঘন্টাব্যাপী সংঘর্ষে ম্যাজিস্ট্রেট, শিক্ষক, পুলিশ ও ছাত্র-ছাত্রীসহ প্রায় ২৫ জন আহত হয়েছে। ২০ লাখের অধিক টাকার কলেজ সম্পত্তি ক্ষতিগ্রস্ত হয়েছে, পরীক্ষা ভন্ডুল হয়ে গেছে। সংঘর্ষ নিয়ন্ত্রণে আনতে পুলিশ লাঠিচার্জসহ ৫ রাউন্ড টিয়ার গ্যাস নিক্ষেপ করেছে। এ ছাড়া ২৩টি কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে ২৪৩ জন বহিষ্কৃত হয়েছে। ঘটনার বিবরণে প্রকাশ, কলেজ কলা ভবনের ২৬নং কক্ষে ম্যাজিস্ট্রেট কর্তৃক জনৈক ছাত্রের নকল ধরাকে কেন্দ্র করে ম্যাজিস্ট্রেটের সঙ্গে ছাত্রদের কথা কাটাকাটি শুরু হয়। কিন্তু ম্যাজিস্ট্রেট জোরপূর্বক ছাত্রদের নকল কেড়ে নিতে থাকলে-এর প্রতিবাদে ঐ কক্ষের ছাত্ররা পরীক্ষা ত্যাগ করে বাইরে বেরিয়ে আসে। নিমিষে গোটা কলেজে এ খবর ছড়িয়ে পড়লে অন্যান্য আরো ২৫টি কক্ষের পরীক্ষার্থীরা পরীক্ষা কক্ষ ত্যাগ করে বাইরে বেরিয়ে আসে এবং বহিরাগতদের সাহায্যে কলেজের আসবাবপত্র ভাংচুর করে ও পুলিশের সঙ্গে সংঘর্ষে লিপ্ত হয়। সংঘর্ষে কলেজের ৪১টি বৈদ্যুতিক পাখা, পদার্থ বিদ্যা বিভাগের পরীক্ষাগারের মূল্যবান সরঞ্জামাদি, কলেজের দরজা জানালা, আসবাবপত্র ভাংচুর ও লুট করে। হামলাকারীদের নিক্ষিপ্ত ইটের আঘাতে ম্যাজিস্ট্রেট সোলায়মান মন্ডল, শিক্ষক সাইদুল হক, আশরাফ আলী ও শিক্ষিকা দিলরুবা মাহমুদ আহত হন। এছাড়াও পুলিশ ও কয়েকজন ছাত্র-ছাত্রী আহত হয়। এদের মধ্যে পুলিশ কনস্টেবল লুৎফর রহমানের অবস্থা গুরুতর।

রংপুর জেলা প্রতিনিধি জানান, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীন ডিগ্রী পরীক্ষার দ্বিতীয় দিনে রংপুরে দশটি পরীক্ষা কেন্দ্রে নকল করার দায়ে মোট ১৩৬ জন বহিষ্কৃত হয়েছে। কুড়িগ্রামে ৪টি কেন্দ্রে ৩১ জন বহিষ্কার হয়েছে। ঠাকুরগাঁও প্রতিনিধি জানান,

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ডিগ্রী পরীক্ষার দ্বিতীয় দিনে গতকাল শনিবার ঠাকুরগাঁও জেলার ৩টি কেন্দ্রে অসাধু উপায় অবলম্বনের জন্য ২৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। ৩৯ জন পরীক্ষার্থী অনুপস্থিত থাকেন। কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। ঠাকুরগাঁও হতে আবু তোরাব মানিক। কুষ্টিয়া প্রতিনিধি জানান, কুষ্টিয়ার ৬টি কেন্দ্রে ৩৭ জন বহিষ্কার হয়েছে।